

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৫ ফরজ সালাতের আগে-পরের সুন্নাত - ৫৪. ফরজ সালাতের আগে ও পরে কত রাকআত সুন্নাত?

আমরা সকলেই জানি যে, ফরজ সালাতের রাকআত সংখ্যা হলো: (ক) ফজর- ২ রাকআত, (খ) যোহর- ৪ রাকআত, (গ) আসর- ৪ রাকআত, (ঘ) মাগরিব- ৩ রাকআত এবং (৬) ইশা ৪ রাকআত।

ফরজের আগে পরের সুন্নাত সালাতের রাকআত সংখ্যা নিম্নরূপ:

ফরজ সালাত	আগের সুন্নাত	পরের সুন্নাত
ফজর	২	-
যোহর	৪ বা ২	2
আসর	-	-
মাগরিব	-	২
এশ	-	2

সর্বমোট দশ বা বারো রাকআত। এগুলোকে বলা হয় সুন্নাতে মুআক্কাদাহ। রাসূলুল্লাহ (স.) বলেছেন যে ব্যক্তি দিনে ও রাতে বারো রাকআত সালাত আদায় করে তার জন্য জান্নাতে একটি ঘর বানানো হয়। এগুলো হলো যোহরের আগে চার রাকআত ও পরে দুই রাকআত। মাগরিবের পরে দুই রাকআত, এশার পর দুই রাকআত এবং ফজরের আগে ২ রাকআত (সুন্নাত) সালাত। (তিরমিযী)।

ফজরের দুই রাকআত সুন্নাত সালাতের গুরুত্ব

- (১) আয়েশা (রা.) বলেছেন, ফজরের দুই রাকআত সুন্নাতের চেয়ে আর কোন নফলের প্রতি রাসূলুল্লাহ (স.) এত বেশি গুরুত্ব দিতেন না। (বুখারী, মুসলিম)
- (২) ফজরের ২ রাকআত সুন্নাত দুনিয়া ও দুনিয়াতে যা কিছু আছে তার চেয়ে উত্তম। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12940

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন